

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৯১৯  
আগরতলা, ১৫ আগস্ট, ২০২৪

হর ঘর তিরঙ্গা অভিযান  
আগরতলায় তিরঙ্গা যাত্রা

৭৮তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে হর ঘর তিরঙ্গা অভিযানে আজ আগরতলায় তিরঙ্গা যাত্রা অনুষ্ঠিত হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং বিদ্যালয় শিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে বিকেল ৪টায় এই তিরঙ্গা যাত্রা অনুষ্ঠিত হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী এই তিরঙ্গা যাত্রার উদ্বোধন করেন। তিরঙ্গা যাত্রা স্বামী বিবেকানন্দ ময়দান থেকে শুরু হয়ে আগরতলা টাউনহলে এসে সমবেত হয়। তিরঙ্গা যাত্রার উদ্বোধন করে তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব বলেন, স্বাধীনতা সংগ্রামে যারা আত্মবলিদান দিয়েছেন এবং স্বাধীনতার পরে দেশের অখন্ডতা রক্ষায় যেসমস্ত বীর শহীদ হয়েছেন তাঁদের প্রতি সম্মান ও শ্রদ্ধা জানাতেই হর ঘর তিরঙ্গা অভিযানে রাজ্যে বিভিন্ন কর্মসূচি পালন করা হচ্ছে। তিরঙ্গা যাত্রায় তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী, ভারপ্রাপ্ত অধিকর্তা তপন কুমার দাস, যুগ্ম অধিকর্তা অনুপম চক্রবর্তী, সহঅধিকর্তা অমৃত দেববর্মা, বরিষ্ঠ তথ্য আধিকারিক পার্থ প্রতীম চক্রবর্তী, বরিষ্ঠ তথ্য আধিকারিক মনিমালা দাস, বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, শিক্ষাক-শিক্ষিকাগণ ও বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ অংশ নেন। তিরঙ্গা যাত্রার সমাপ্তির পর আগরতলা টাউনহলে সন্ধ্যায় অনুষ্ঠিত হয় তিরঙ্গা কনসার্ট। তিরঙ্গা কনসার্টে বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ দেশাত্মবোধক সংগীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশন করেন।

\*\*\*\*\*